কালের কণ্ঠ

তারিখ ... 19 JUL 2017 ...
পৃষ্ঠা ... ১৮ কলাম ... ২ ...

### রংপুরে বদলি পরীক্ষা দিতে এসে ধরা

# ভ্রাম্যমাণ আদালতে দুই শিক্ষার্থীর কারাদণ্ড

আঞ্চলিক প্রতিনিধি, রংপুর ▷

টাকার বিনিময়ে বদলি পরীক্ষা দিতে এসে ধরা পড়েছেন দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী খোকন চন্দ্র মহন্ত ও গোপাল চন্দ্র রায়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে গতকাল মঙ্গলবার বিকেলে রংপুরের বদরগঞ্জ ডিগ্রি কলেজ কেন্দ্রে ইংরেজি বিষয়ের পরীক্ষা চলাকালীন ১৬ নম্বর কক্ষ থেকে তাঁদের আটক করা হয়। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে (ভারপ্রাপ্ত) বিষয়টি জানানো হলে ভ্রাম্যমাণ আদালত গঠন করা হয়। বদলি পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশ নেওয়ার কথা স্বীকার করায় ভ্রাম্যমাণ আদালতের বিচারক তাঁদের প্রত্যেককে ১০ দিনের বিনাশ্রম কারদণ্ড প্রদান করেন। ভ্রাম্যমাণ আদালতের বিচারক উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী কমিশনার (ভূমি) আবুল কালাম আজাদ ওই রায় দেন। গতকাল সন্ধ্যায় তাঁদের আদালতের মাধ্যমে রংপুর জেলহাজতে পাঠানো হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গতকাল বিকেলে বদরগঞ্জ ডিগ্রি কলেজ কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ইংরেজি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে দেখা যায়, তারাগঞ্জ ডিগ্রি কলেজের বিএ মানবিক বিভাগের ছাত্র রায়হান কবীরের প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডে ছবি পরিবর্তন ও ওই কলেজের অধ্যক্ষের স্বাক্ষর জাল করে বদলি পরীক্ষার্থী হিসেবে ইংরেজি বিষয়ের পরীক্ষায় অংশ নেন হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল বিভাগের শেষ বর্ষের ছাত্র খোকন চন্দ্র মহন্ত। তিনি রংপুর সদর উপজেলার উত্তর খলেয়াগঞ্জিপুরের দীঘলটারী এলাকার চিত্তরঞ্জনের ছেলে। একই কক্ষে তারাগঞ্জ ডিগ্রি কলেজের অন্য পরীক্ষার্থী মো. আমীরের বদলি পরীক্ষার্থী হিসেবে অংশ নেন একই বিশ্ববিদ্যালয়ের খাদ্য প্রকৌশল বিভাগের শেষবর্ষের ছাত্র রংপুর সদরের খলেয়াগঞ্জিপুর এলাকার চক্রধরের ছেলে গোপাল চন্দ্র রায়। ভ্রাম্যমাণ আদালতের কাছে খোকন দায় স্বীকার করেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক অফিসার
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর